**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/11/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# ওয়েস্টার্ন নিউ ইয়র্কে কোভিড-19 বৃদ্ধির বিরুদ্ধে লড়াইয়ের জন্য নর্থওয়েল হেলথ নার্স নিযুক্ত করবে বলে গভর্নর হোকলের ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে কোভিড-19 আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় অত্যধিক বোঝা চেপে থাকা একটি অঞ্চলকে সাহায্য করার জন্য আরো বেশি মেডিকেল কর্মী নিয়োগের আহবানে সাড়া দিয়ে নিউ ইয়র্ক স্টেটের সর্ববৃহৎ স্বাস্থ্য ব্যবস্থা, নর্থওয়েল হেলথ (Northwell Health) ওয়েস্টার্ন নিউ ইয়র্কে দক্ষ নার্সদের একটি দল নিযুক্ত করেছে।

16 জন ক্লিনিক্যাল পেশাজীবী এবং দুইজন দলনেতা নিয়ে গঠিত এই নর্থওয়েল টিমকে, যেখানে ইনটেন্সিভ কেয়ার, জরুরি বিভাগ ও মেডিকেল-সার্জিক্যাল নার্সরা অন্তর্ভুক্ত রয়েছেন, 11 ডিসেম্বর বাফেলোর এরি কাউন্টি মেডিকেল সেন্টার (Erie County Medical Center) এবং রচেস্টারের রচেস্টার বিশ্ববিদ্যালয়ের স্ট্রং মেমোরিয়াল হাসপাতালে (University of Rochester's Strong Memorial Hospital) পাঠানো হয়েছে। সমগ্র স্টেটব্যাপী কোভিড-19 সংক্রমণ ও হাসপাতালে ভর্তির সংখ্যা বৃদ্ধি পাওয়ার এই সময়ে এই দুই-সপ্তাহব্যাপী মিশন পরিচালনা করা হচ্ছে।

"শীতকালীন সংক্রমণ বৃদ্ধির বিরুদ্ধে লড়াই করার জন্য নিউ ইয়র্ক স্টেটব্যাপী অংশীদারদের কাছ থেকে স্টেটব্যাপী দলগত প্রচেষ্টা আবশ্যক, "**বলেছেন গভর্নর হোকল।** "পদক্ষেপ গ্রহণের আহবানে সাড়া দেয়ায় এবং অসাধারণ দক্ষতাসম্পন্ন নার্সদের একটি দলকে পাঠানোর জন্য আমাদের সাথে অংশীদার হওয়ায় আমি নর্থওয়েল হেলথকে ধন্যবাদ জানাই যা হাসপাতালের সক্ষমতা বৃদ্ধি করবে এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে সংক্রমণের সংখ্যা কমিয়ে আনতে আমাদেরকে সাহায্য করবে।"

নর্থওয়েলের 22টি হাসপাতাল এবং 800টি বহির্বিভাগের রোগী দেখার ফ্যাসিলিটিতে আনুমানিক 19,000 নার্স কর্মরত আছেন, যাদের মধ্যে নিউ ইয়র্কের সাম্প্রতিক কোভিড-19 হটস্পটে যাওয়ার মিশনের জন্য স্বেচ্ছাসেবী হওয়া নার্সদের দলটিও অন্তর্ভুক্ত রয়েছে। স্বাস্থ্য ব্যবস্থা অন্যত্র সাহায্য পৌঁছে দেয়ার পাশাপাশি অভ্যন্তরীণ কর্মী চাহিদা ও রোগীর সংখ্যা ট্র্যাক করা অব্যাহত রাখবে।

**ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন,** "ছুটির দিন এগিয়ে আসার সাথে সাথে কোভিড-19 সংক্রমণ বৃদ্ধির প্রতি সাড়া দেয়ার জন্য আমাদের কমিউনিটি-কেন্দ্রিক সমাধান এবং নর্থওয়েল হেলথ-এর মতো অংশীদারদের সহযোগিতা প্রয়োজন হবে। একসঙ্গে কাজ করলে আমরা অনেক বেশি শক্তিশালী ভূমিকা রাখতে পারি, তাই ওয়েস্টার্ন নিউ ইয়র্কে

ডাউনস্টেট থেকে সহায়তা পাঠানোর জন্য আমরা নর্থওয়েলকে ধন্যবাদ জানাই। আমাদের কাছে সংক্রমণ প্রতিরোধের সরঞ্জাম ও সংস্থান রয়েছে। টিকা আপনাকে সুরক্ষিত রাখে এবং মাস্ক পরিধান করার মাধ্যমে আমরা একে অপরকে সুরক্ষিত রাখতে পারি।"

**নর্থওয়েল হেলথ-এর প্রেসিডেন্ট ও CEO মাইকেল ডোলিং বলেন,** "অঞ্চলটিতে কর্মী সংকট দেখা দেয়ার কথা শুনে এবং সেখানে কোভিড-19 আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে দেখে আমরা সেখানে নার্সদের পাঠানোর কথা বলেছি। যদিও ডাউনস্টেটে কোভিড আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পেয়েছে, কিন্তু তা নিউ ইয়র্কের অন্য জায়গায় স্বাস্থ্য ব্যবস্থার সম্মুখীন হওয়া বোঝাগুলোর একেবারেই ধারে কাছে নেই৷ স্বাস্থ্যসেবা সংস্থাগুলোর মধ্যে একটি স্বাভাবিক সহযোগিতার সম্পর্ক বিদ্যমান রয়েছে। এই সংকটের সময়ে, আমাদের সাহায্য করার সক্ষমতা রয়েছে এবং তাই আমরা সেটা অব্যাহত রাখবো। মহামারী যখন আমাদেরকে সবচেয়ে তীব্রভাবে আঘাত করেছিল এবং আমরা সবচেয়ে খারাপ সময় পার করেছি তার কথা আমরা মনে রেখেছি।"

**এরি কাউন্টি মেডিকেল সেন্টারের প্রেসিডেন্ট ও CEO টমাস জে. কোয়াট্রোচ জুনিয়র, PhD, বলেন,** "অত্যধিক রোগীর সংখ্যার সম্মুখীন হওয়া এবং আমাদের কর্মী সংকট মোকাবেলা অব্যাহত রাখার এই সময়ে এই প্রচেষ্টা সমন্বয়ের জন্য আমরা গভর্নর হোকলের প্রতি এবং নর্থওয়েল হেলথ-এর প্রতি কৃতজ্ঞ। রোগীদের জীবন রক্ষাকারী সেবা পৌঁছে দেয়ার জন্য কিভাবে আমরা সবাই সহযোগী হয়ে কাজ করতে পারি এটি তারই একটি উদাহরণ।"

**নর্থওয়েলের চিফ নার্সিং অফিসার মউরিন হোয়াইট বলেন,** "2020 সালের মার্চে নিউ ইয়র্ক সিটি ও লং আইল্যান্ড অত্যধিক কোভিড আক্রান্তের সংখ্যার সম্মুখীন হয়েছিল। এটি এমন এক অগ্নিপরীক্ষা ছিল যা নর্থওয়েলের সামনের সারির দল এবং সব নিউ ইয়র্কবাসী দ্রুত ভুলতে পারবে না। আমাদের নার্সরা তখন অন্যান্য স্বাস্থ্য ব্যবস্থার কাছ থেকে সহযোগিতা পেয়েছিলেন। এখন যখন অন্যরা নতুন করে এই ভাইরাসের আক্রমণের শিকার হচ্ছে, আমরা তাদেরকে সহায়তা প্রদানের মাধ্যমে তার প্রতিদান দিতে চাই।"

**বাফেলোর মেয়র বাইরন ব্রাউন বলেন,** "আমাদের অঞ্চলের এই সাম্প্রতিক কোভিড-19 সংক্রমণের প্রতি সাড়া দেয়ার এই সময়ে এরি কাউন্টি মেডিকেল সেন্টারের কর্মীদের সহায়তা করার উদ্দেশ্যে মেডিকেল পেশাজীবীদের পাঠানোর জন্য আমি গভর্নর ক্যাথি হোকল এবং নর্থওয়েল হেলথকে ধন্যবাদ জানাই। বাফেলো সিটির সকল নাগরিকের পক্ষ থেকে আমি সমগ্র নিউ ইয়র্ক স্টেট থেকে পাওয়া অংশীদারিত্ব ও সহায়তার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

রচেস্টার বিশ্ববিদ্যালয় ও উটাহ-এর ইন্টারমাউন্টেন হেলথকেয়ার (Intermountain Healthcare) 2020 সালে সংক্রমণের প্রথম ঢেউয়ের সময় মেডিকেল সাহায্য পাঠিয়েছিল। ইন্টারমাউন্টেন এলাকায় সংক্রমণ বৃদ্ধির সময়ে সহায়তা প্রদান করে নর্থওয়েল তার প্রতিদান দিয়েছিল এবং এখন রচেস্টার বিশ্ববিদ্যালয়কে এটির প্রয়োজনের সময়ে সাহায্য করে ঋণ পরিশোধের সুযোগ পেয়েছে। এছাড়াও মহামারী চলাকালীন সময়ে নর্থওয়েল মিশিগানের হেনরি ফোর্ড সিস্টেমে, এবং সেইসাথে ঘূর্ণিঝড় আঘাত হানার পরে হিউস্টন ও পুয়ের্তো রিকো অঞ্চলে মেডিকেল টিম পাঠিয়েছিল।

**নর্থওয়েল হেলথ সম্পর্কে**
নর্থওয়েল হেলথ হলো নিউ ইয়র্ক স্টেটের সর্ববৃহৎ স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং বেসরকারি নিয়োগকর্তা, যেখানে 22টি হাসপাতাল, 830টি বহির্বিভাগের রোগী দেখার ফ্যাসিলিটি এবং 16,600 এরও বেশি অ্যাফিলিয়েট চিকিৎসক রয়েছে। আমাদের কমিউনিটিগুলোর মানবহিতৈষী সহায়তার সৌজন্যে নিউ ইয়র্কের মেট্রো অঞ্চলে ও তার বাইরে আমরা বছরে দুই মিলিয়নেরও বেশি সংখ্যক লোককে সেবা প্রদান করে থাকি। আমাদের 77,000 কর্মচারী - 18,900 নার্স এবং 4,900 নিয়োগপ্রাপ্ত ডাক্তার, নর্থওয়েল হেলথ ফিজিশিয়ান পার্টনার্স (Northwell Health Physician Partners)-এর সদস্যরা সহ স্বাস্থ্যসেবাকে আরো উন্নত করতে কাজ করে যাচ্ছেন। আমরা ফেইনস্টেইন ইনস্টিটিউট ফর মেডিকেল রিসার্চ (Feinstein Institutes for Medical Research)-এ ওষুধের ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন নিয়ে আসছি। ভিশনারি হফস্ট্রা/নর্থওয়েল এর ডোনাল্ড এন্ড বারবারা জাকার স্কুল অব মেডিসিন (Donald and Barbara Zucker School of Medicine) এবং হফস্ট্রা নর্থওয়েল স্কুল অব নার্সিং এন্ড ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট স্টাডিজ (Hofstra Northwell School of Nursing and Physician Assistant Studies)-এ আমরা পরবর্তী প্রজন্মের মেডিকেল পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান করছি। আমাদের 100 এরও বেশি মেডিকেল বিশেষজ্ঞতা সম্পর্কে জানতে ভিজিট করুন http://northwell.edu/ এবং @NorthwellHealth-এ আমাদেরকে ফেসবুক (Facebook), টুইটার (Twitter), ইনস্টাগ্রাম (Instagram) ও লিংকডইনে (LinkedIn) অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418